

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৫. ১৬. যীশুর প্রথম গণভাষণ সমতলে না পর্বতে?

ইঞ্জিলগুলোর বর্ণনা অনুসারে, যীশু শিষ্যদের নিয়ে বিভিন্ন স্থানে তাঁর শিক্ষা প্রচার করেন এবং অনেক মানুষকে সুস্থ করেন। অনেক মানুষ তাঁর পিছে সমবেত হয়। তখন তিনি সকলের সামনে একটা গণভাষণ ও গণআশীর্বাদ প্রদান করেন। এ ভাষণের স্থান বিষয়ে ইঞ্জিলগুলোর মধ্যে বৈপরীত্য বিদ্যমান। মথি (৫/১-২) লেখেছেন: "তিনি অনেক লোক দেখে পর্বতে উঠলেন; আর তিনি বসলে পর তাঁর সাহাবীরা তাঁর কাছে আসলেন। তখন তিনি মুখ খুলে তাঁদেরকে এই উপদেশ দিতে লাগলেন।" (মো.-১৩)

পক্ষান্তরে লূক (৬/১৭, ২০) লেখেছেন: "পরে তিনি তাঁদের সঙ্গে নেমে একটি সমান ভূমির উপরে গিয়ে দাঁড়ালেন; আর তাঁর অনেক সাহাবী …অনেক লোক উপস্থিত হল; পরে তিনি তাঁর সাহাবীদের প্রতি দৃষ্টিপাত করে বললেন…।" (মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14012

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন